ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 4

### ছাত্রদের প্রতি ফার্স্ট লেডী

# রাজনীতিতে না জড়িয়ে জ্ঞানার্জন করুন

টাঙ্গাইল, ৬ই আগস্ট (বাসস)।—ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ ছাত্রদের জ্ঞানার্জনে আত্ম নিয়োগ করে জাতির ভবিষ্যৎ দায়িত্ব কাঁধে নিতে সক্ষম হয়ে ওঠার আহবান জানিয়েছেন।

আজ করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজ ময়দানে এক বিশাল সমাবেশে ভাষণদানকালে বেগম

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)।

## ফার্স্ট লেডী

(প্রথম পৃঃ পর)

এরশাদ বলেন, রাজনীতিতে জড়িয়ে ছাত্রদের মূল্যবান সময়ের অপচয় করা উচিত নয়। বরং ভবিষ্যতের যোগ্য নেতা হওয়ার জন্য তাদের সে সময়টুকু পড়াশোনার কাজে লাগানো উচিত।

অধ্যক্ষ আসাদুজ্জামানের সভাপতিত্বে এই সমাবেশে অন্যান্যের মধ্যে স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসান শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, সংস্কৃতি প্রতিমন্ত্রী নূর মোহাম্মদ খান বক্তৃতা করেন।

এখানে এসে পৌঁছলে হাজার হাজার ছাত্র-ছাত্রী ফার্স্ট লেডীকে অভ্যর্থনা জানায়। বেগম এরশাদ কলেজ প্রাঙ্গনে ছাত্রীদের আবাসিক হল উদ্বোধন করেন। ফার্স্ট লেডীর নামে এই হলের নামকরণ করা হয়। তিনি হলের বিভিন্ন কক্ষ ঘুরে দেখেন এবং ছাত্রীদের সঙ্গে কথা বলেন।

বেগম এরশাদ ছাত্র-ছাত্রীদের অবসর সময়টুকু জনগণের বৃহত্তর কল্যাণে সমাজ সেবায় ব্যয় করার আহবান জানান।

তিনি সাদত কলেজের অতীত গৌরবের কথা স্মরণ করেন এবং সেই গৌরব ফিরিয়ে আনতে সমবেত প্রচেষ্টা চালানোর জন্য ছাত্র-শিক্ষকদের প্রতি আহবান জানান।

পরে সন্তোষে বেগম এরশাদকে আরেক সংবর্ধনা দেয়া হয়। অনুষ্ঠানে মওলানা ভাষানীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ফার্স্ট লেডী বলেন, জাতিকে মানবতার কল্যাণে মওলানা ভাষানীর অসমাপ্ত কাজ সম্পন্ন করতে হবে।

তিনি টাঙ্গাইল শাড়ির এক প্রদর্শনীও উদ্বোধন করেন।